গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
দক্ষিণ সুরমা, সিলেট।
www.dakshinsurma.syhet.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

## ডিসেম্বর/২০২২ মাসের দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণীঃ

| | |
|---|---|
| তারিখ ও সময় | : ২০/১২/২০২২, দুপুর ০৩.৩০ ঘটিকা |
| স্থান | : উপজেলা পরিষদের সভা কক্ষ |
| উপস্থিত ও অনুপস্থিতি | : পরিশিষ্ট ''ক'' |
| উপদেষ্টা | : জনাব হাবিবুর রহমান, মাননীয় সংসদ সদস্য-২৩১, সিলেট-৩। |
| সভাপতি | : জনাব মোহাম্মদ আবু জাহিদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট। |

সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর উপজেলা নির্বাহী অফিসারকে সভার কার্যবিবরণী পাঠসহ সভার কার্যক্রম সমন্বয় করার অনুরোধ জানানো হয়। এ পর্যায়ে উপজেলা নির্বাহী অফিসার উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন।

গত সভার কার্যবিবরণীতে কোন আপত্তি/সংশোধনী না থাকায় নভেম্বর/২০২২ মাসের দক্ষিণ সুরমা উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

**০১। স্থানীয় সরকার বিভাগ (ইউনিয়ন পরিষদ):** নভেম্বর/২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী সকল ইউ/পি হতে পাওয়া গেছে।

সিদ্ধান্ত : যথাযথভাবে নোটিশ দিয়ে মাসে অন্ততঃ একবার সাধারণ সভা করে সভার কার্যবিবরণী চৌদ্দ দিনের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার এবং জেলা প্রশাসকের নিকট প্রেরণ করার জন্য সকল ইউনিয়ন চেয়ারম্যানকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : ইউনিয়ন চেয়ারম্যান (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

**০২। প্রকৌশল বিভাগ (এলজিইডি):** উপজেলা প্রকৌশলী তাঁর বিভাগীয় কার্যক্রমের তথ্যাদি নিম্নে উপস্থাপন করেন।

প্রস্তাব-১: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলা বার্ষিক উন্নয়ন কর্মসূচী এডিপি (থোক বরাদ্দ) খাতে ১ম কিস্তিতে ১৭.৪০ (সতের লক্ষ চল্লিশ হাজার) টাকা এবং ২য় কিস্তিতেও ১৭.৪০ (সতের লক্ষ চল্লিশ হাজার) টাকা পাওয়া গিয়েছে। এরূপ চার কিস্তিতে ১৭.৪০×৪=৬৯.৬০ (উনসত্তর লক্ষ ষাট হাজার) টাকা পাওয়ার সম্ভাবনা রয়েছে। মাননীয় সংসদ সদস্য মহোদয়ের সুপারিশক্রমে তিনি এডিপি (থোক বরাদ্দ) খাত থেকে কামালবাজার ইউনিয়নের ধরগাঁও গ্রামের অবকাঠামোগত উন্নয়নের জন্য ১৮ (আঠার) লক্ষ বরাদ্দ প্রদানের সুপারিশ করেন। অবশিষ্ট টাকার প্রকল্প উপজেলা চেয়ারম্যান মহোদয়ের সাথে পরামর্শক্রমে উপজেলা প্রকৌশলীর কার্যালয়ে প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।

সিদ্ধান্ত-১: কামালবাজার ইউনিয়নের ধরগাঁও গ্রামের অবকাঠামোগত উন্নয়নের জন্য ২০২২-২০২৩ অর্থ বছরে উপজেলা বার্ষিক উন্নয়ন কর্মসূচী এডিপি (থোক বরাদ্দ) খাত হতে ১৮ (আঠার) লক্ষ টাকার প্রকল্প গ্রহণের সর্ব সম্মত সিদ্ধান্ত গৃহীত হয় এবং অবশিষ্ট টাকার প্রকল্প উপজেলা চেয়ারম্যান মহোদয়ের সাথে পরামর্শক্রমে উপজেলা প্রকৌশলীর কার্যালয়ে প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

প্রস্তাব-২: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় বিভিন্ন হাই স্কুল এবং মাদ্রসায় প্লাষ্টিক বেঞ্চ সাপ্লাই এর কাজ পেসিফিকেশন অনুযায়ী গুণগত মান বজায় রেখে শতভাগ সমাপ্ত হয়েছে। ঠিকাদার বিল পাওয়ার জন্য আবেদন করেছেন। বিল প্রস্তুত করা হয়েছে। চুক্তি অনুযায়ী আয়কর এবং ভ্যাট সহ মোট=১১,৮৮,০০০/- (এগার লক্ষ আটাশি হাজার) টাকার বিল সদয় অনুমোদনের জন্য তিনি সভায় উপস্থাপন করেন।

সিদ্ধান্ত-২: সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়। উপজেলা প্রকৌশলীর উপস্থাপনা অনুযায়ী উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় আয়কর এবং ভ্যাট সহ মোট=১১,৮৮,০০০.০০ (এগার লক্ষ আটাশি হাজার) টাকার বিল সর্বসম্মত অনুমোদন করা হয়।

বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

প্রস্তাব-৩: উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, মার্চ/২০২১ মাসের মাসিক সভায় উপজেলা পরিষদ অডিটরিয়াম এর নামকরণ শহীদ বুদ্ধিজীবী মোহাম্মদ আব্দুল মুক্তাদির এঁর নামে নামকরণ করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। তিনি পুনরায় বিষয়টি সভায় উত্থাপন করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। মাননীয় সংসদ সদস্য এবং চেয়ারম্যান, উপজেলা পরিষদ মহোদয় শহীদ বুদ্ধিজীবী মোহাম্মদ আব্দুল মুক্তাদির এঁর নামে নামকরণের বিষয়ে সভায় গুরুত্ব আরোপ করেন এবং সকলে পুনরায় এ বিষয়ে একমত পোষণ করেন।

সিদ্ধান্ত-৩: সরকারী বিধিবিধান অনুসরণ পূর্বক উপজেলা পরিষদ অডিটরিয়াম এর নামকরণ শহীদ বুদ্ধিজীবী মোহাম্মদ আব্দুল মুক্তাদির এঁর নামে নামকরণের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

প্রস্তাব-৪: উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, মোগলাবাজার ইউনিয়নের সরিষপুর গ্রামের রাস্তা ও একটি গেইট শহিদ নেয়ার আলীর নামে নামকরণ করার জন্য জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট হতে প্রাপ্ত পত্রের প্রেক্ষিতে ইউনিয়ন পরিষদের সিদ্ধান্তসহ প্রস্তাব প্রেরণের জন্য মোগলাবাজার ইউনিয়ন পরিষদে প্রেরণ করা হলে মোগলাবাজার ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান তার লিখিত প্রতিবেদনে জানান যে, সংশ্লিষ্ট ওয়ার্ড সদস্য জনাব আইয়ুব হোসেন কর্তৃক পঞ্চায়াতের সর্বস্তরের জনসাধারণের সাথে মত বিনিময় করে রাস্তার নামকরণ ও গেইট নির্মাণ বিষয়ে অধিকাংশ জনসাধারণ ব্যক্তি বিশেষের নামে নামকরণ ও গেইট নির্মাণে দ্বিমত পোষণ করেন বলে জানান এবং স্থানীয় জনসাধারণ এ বিষয়ে লিখিত আপত্তি জেলা প্রশাসক মহোদয় ও ইউপি চেয়ারম্যান বরাবরে দাখিল করবেন মর্মে উল্লেখ করেন। তিনি তার প্রতিবেদনে ব্যক্তি বিশেষের নামে নামকরণ করলে নানা ধরণের সমস্যার উৎপত্তি ঘটবে মর্মে অবহিত করেন। উপজেলা নির্বাহী অফিসার মোগলাবাজার ইউপি চেয়ারম্যানের প্রতিবেদন ও স্থানীয় ১৫২ জন জনসাধারণের আপত্তির বিষয়টি সভায় উপস্থাপন করেন। উপজেলা চেয়ারম্যান মহোদয় সভায় জানান যে, মুক্তিযোদ্ধার নামে স্থাপনা নামকরণের প্রস্তাব এলে স্বাধীনতা বিরোধীরা একজোট হয়ে বাঁধা প্রদান করবে এতে মুক্তিযোদ্ধাদের মূল্যায়ন করা থেকে বিরত থাকা উচিত হবে না। তিনি বর্ণিত রাস্তা ও গেইট শহিদ নেয়ার আলীর নামে নামকরণের প্রস্তাব প্রেরণের জন্য সুপারিশ করেন। এ বিষয়ে সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন।

সিদ্ধান্ত-৪: এ ব্যপারে সভায় বিস্তারিত আলোচনান্তে মোগলাবাজার ইউনিয়নের সরিষপুর গ্রামের রাস্তা ও একটি গেইট শহিদ নেয়ার আলীর নামে নামকরণ করার প্রস্তাব জেলা প্রশাসক, সিলেট মহোদয় বরাবরে প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

প্রস্তাব-৫: উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, লালাবাজার ইউনিয়নে একটি নতুন গ্রাম সৃষ্টির বিষয়ে জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট হতে প্রাপ্ত পত্রের ব্যাপারে চেয়ারম্যান, লালাবাজার ইউপি কর্তৃক তার ইউনিয়নের ৭নং ওয়ার্ডে সুলতানপুর নামক একটি নতুন গ্রাম সৃষ্টি করার জন্য ইউনিয়ন পরিষদের সভার কার্যবিবরণী এ কার্যালয়ে দাখিল করা হয়েছে। সভায় এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত-৫: নতুন গ্রাম সৃষ্টির বিষয়ে সরকারী বিধিবিধানের আলোকে প্রতিবেদন দাখিল করার জন্য কমিটি গঠনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট।

প্রস্তাব-৬: উপজেলা নির্বাহী অফিসার সভায় অর্থ মন্ত্রনালয়, অর্থ বিভাগ, বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-১ এর ১৩ ডিসেম্বর ২০২২ তারিখের ০৭.১০১.০২০.০০.০০.০০১.২০০৯-১৬৮ নং ক্রমিকের পরিপত্রটি উপস্থাপন করেন। উক্ত পরিপত্রে ২০২২-২৩ অর্থবছরে বাজেট এর সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত, রাষ্ট্রায়ত্ত, সংবিধিবদ্ধ, রাষ্ট্রীয় মালিকানাধীন কোম্পানী ও আর্থিক প্রতিষ্ঠানের বাজেট এর (ক) পরিচালনা বাজেটের অধীন '৪১৪১১০১-ভূমি অধিগ্রহণ' খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় সম্পূর্ণরূপে বন্ধ থাকবে (খ) পরিচালনা বাজেটের অধীন 'ভবন ও স্থাপনাসমূহ' ('৪১১১১০১-আবাসিক ভবন', '৪১১১২০১-অনাবাসিক ভবন', '৪১১১৩১৭-অন্যান্য ভবন ও স্থাপনা') খাতে বরাদ্দকৃত অর্থের বিপরীতে নতুন ভাবে কার্যাদেশ (Notification of Award-NoA) প্রদান করা যাবে না।

ইতোমধ্যে কার্যাদেশ প্রদান করা হয়েছে কেবলমাত্র এরূপ ক্ষেত্রে বাজেট বরাদ্দের ৫০% এর বেশি ব্যয় করা যাবে না এবং (গ) পরিচালনা বাজেটের আওতায় 'যন্ত্রপাতি ও সরঞ্জামাদি' ('৪১১২২০২-কম্পিউটার ও আনুষঙ্গিক', '৪১১২৩০৩-বৈদ্যুতিক সরঞ্জামাদি', '৪১১২৩১৪-আসবাবপত্র' ও '৪১১২৩১৬-অন্যান্য যন্ত্রপাতি ও সরঞ্জামাদি') খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় সম্পূর্ণভাবে স্থগিত থাকবে মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছে। এছাড়া উপরের 'ক, খ ও গ' এ বর্ণিত খাতসমূহে বরাদ্দকৃত অর্থ অন্য কোনো খাতে এবং অন্য কোনো খাত হতে এসব খাতে পুন:সংযোজন করা যাবে না মর্মে উল্লেখ করা হয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।

সিদ্ধান্ত-৬: অর্থ মন্ত্রনালয়, অর্থ বিভাগ, বাজেট অনুবিভাগ-১, অধিশাখা-১ এর ১৩ ডিসেম্বর ২০২২ তারিখের ০৭.১০১.০২০.০০.০০.০০১.২০০৯-১৬৮ নং ক্রমিকের পরিপত্রের আলোকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

প্রস্তাব-৭: উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, (ক) উপজেলা পরিষদের অভ্যন্তরে বঙ্গবন্ধু ম্যুরাল, শহিদ মিনার ও অফিস প্রাঙ্গনে বৈদ্যুতিক লাইট নষ্ট হয়ে যাওয়ায় বৈদ্যুতিক লাইট স্থাপন বাবদ=১০,০০০/- (দশ হাজার) টাকা খরচ হবে মর্মে সভায় জানান।

(খ) উপজেলা প্রকৌশলীর কার্যালয়ের ৩০৫ এবং ৩০৭ নং কক্ষের বাথরুমের কমোড জ্যামের পয়প্রনালীর পানি নিস্কাশন লাইন মেরামত বাবদ ৫,২০০/- (পাঁচ হাজার দুইশত) টাকা খরচ হয়েছে।

(গ) ভাইস চেয়ারম্যান মহোদয়ের এপ্রিল/২০২০ হতে আগস্ট/২০২২ পর্যন্ত দৈনিক ভাতা/ডিএ বাবদ ১,৪৩,০০০/- (এক লক্ষ তেতাল্লিশ হাজার) টাকার বিল উপস্থাপন করা হয়।

(ঘ) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে পতাকা স্ট্যান্ড স্থাপনের জন্য ৫,০০০/-(পাঁচ হাজার) টাকা প্রয়োজন বলে জানানো হয়।

(ঙ) উপজেলা পরিষদের বর্জ্য ব্যবস্থাপনা ও পরিষ্কার পরিচ্ছন্নতার কাজের জন্য ১৪,০০০/- (চৌদ্দ হাজার) টাকা প্রয়োজন।

(চ) উপজেলা পরিষদের আনুষাঙ্গিক কিছু মালমাল (ঝাড়ু, হারপিক, হ্যান্ড ওয়াশ, দা, কোদাল, শাবল, কাঁচি, ময়লা ফেলার ঝুড়ি, বাঁশের ঝুড়ি) ক্রয়ের জন্য ৮,০০০/- (আট হাজার) টাকা প্রয়োজন।

সিদ্ধান্ত-৭: (ক) উপজেলা পরিষদের অভ্যন্তরে বঙ্গবন্ধু ম্যুরাল, শহিদ মিনার ও অফিস প্রাঙ্গনে বৈদ্যুতিক লাইট নষ্ট হয়ে যাওয়ায় বৈদ্যুতিক লাইট স্থাপন বাবদ=১০,০০০/- (দশ হাজার) টাকা অফিস বাসাবাড়ী মেরামত ও সংরক্ষণ খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) উপজেলা প্রকৌশলীর কার্যালয়ের ৩০৫ এবং ৩০৭ নং কক্ষের বাথরুমের কমোড জ্যামের পয়প্রনালীর পানি নিস্কাশন লাইন মেরামত বাবদ ৫,২০০/- (পাঁচ হাজার দুইশত) টাকা অফিস বাসাবাড়ী মেরামত ও সংরক্ষণ খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(গ) ভাইস চেয়ারম্যান মহোদয়ের এপ্রিল/২০২০ হতে আগস্ট/২০২২ পর্যন্ত দৈনিক ভাতা/ডিএ বাবদ ১,৪৩,০০০/- (এক লক্ষ তেতাল্লিশ হাজার) টাকার বিল রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঘ) উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনে পতাকা স্ট্যান্ড স্থাপনের জন্য ৫,০০০/-(পাঁচ হাজার) টাকা রাজস্ব তহবিলের বাসাবাড়ী মেরামত ও সংরক্ষণ খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(ঙ) উপজেলা পরিষদের বর্জ্য ব্যবস্থাপনা ও পরিষ্কার পরিচ্ছন্নতার কাজের জন্য ১৪,০০০/- (চৌদ্দ হাজার) টাকা রাজস্ব তহবিলের বর্জ্য ব্যবস্থাপনা ও পরিষ্কার পরিচ্ছন্নতা খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

(চ) উপজেলা পরিষদের আনুষাঙ্গিক কিছু মালমাল (ঝাড়ু, হারপিক, হ্যান্ড ওয়াশ, দা, কোদাল, শাবল, কাঁচি, ময়লা ফেলার ঝুড়ি, বাঁশের ঝুড়ি) ক্রয়ের জন্য ৮,০০০/- (আট হাজার) টাকা রাজস্ব তহবিলের সংশ্লিষ্ট খাত হতে ব্যয় মিটানোর জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

**০৩। প্রকল্প বাস্তবায়ন বিভাগ :** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, মাননীয় সংসদ সদস্য মহোদয়ের প্রচেষ্টায় দাউদপুর ইউনিয়নে পঁচাত্তর লক্ষ টাকার বিশেষ বরাদ্দ পাওয়া গিয়েছে। প্রত্যেক ইউনিয়নে ৪৯০ টি করে শীত বস্ত্র বরাদ্দ পাওয়া গিয়েছে। টিআর/কাবিখার প্রকল্প তালিকা সংশ্লিষ্ট সকলের নিকট হতে পাওয়া গিয়েছে।

০৪। **স্বাস্থ্য বিভাগ :** উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান যে, দক্ষিণ সুরমা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে বিশুদ্ধ পানির সরবরাহ নিশ্চিত করা খুবই জরুরী। এ বিষয়ে তিনি সকলের দৃষ্টি আকর্ষণ করেন। তাছাড়া বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

সিদ্ধান্ত : বিশুদ্ধ পানির জন্য উন্নয়ন তহবিল হতে তিন লক্ষ টাকার মধ্যে ব্যয় সীমাবদ্ধ রেখে প্রকল্প নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয় এবং প্রাক্কলন প্রস্তুত করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে : উপজেলা প্রকৌশলী এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট ।

০৫। **পরিবার পরিকল্পনা বিভাগ :** আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি।

০৬। **কৃষি বিভাগ :** আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি।

০৭। **প্রাণি সম্পদ বিভাগ :** আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি।

০৮। **মৎস্য বিভাগ :** আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি।

০৯। **শিক্ষা বিভাগ :** উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, করোনা মহামারীর কারণে প্রাথমিক সমাপনী পরীক্ষা দুই বছর যাবৎ বন্ধ রয়েছে। চলতি বছরে সীমিত পরিসরে আগামী ৩০ ডিসেম্বর ২০২২ তারিখে প্রাথমিক বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। রেবতী রমন সরকারি দ্বিপাক্ষিক উচ্চ বিদ্যালয় এবং লতিফা শফি চৌধুরী মহিলা ডিগ্রী কলেজকে পরীক্ষা কেন্দ্র হিসেবে নির্ধারণ করা হয়েছে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন।

১০। **মাধ্যমিক শিক্ষা বিভাগ:** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার সভায় জানান যে, ২০২২ সালের এসএসসি পরীক্ষায় দক্ষিণ সুরমা উপজেলার পাশের হার ৮৭%। জিপিএ ৫ পেয়েছে সর্বমোট ১৭৩ জন। জালালপুর উচ্চ বিদ্যালয়ে সর্বোচ্চ জিপিএ ৫ পেয়েছে ১৮ জন। ২০২২ সালের দাখিল পরীক্ষায় দক্ষিণ সুরমা উপজেলার পাশের হার ৮২.৯৪%। জিপিএ ৫ পেয়েছে সর্বমোট ০৩ জন।

১১। **সমাজসেবা বিভাগ:** আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি।

১২। **সমবায় বিভাগ:** আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি।

১৩। **মহিলা বিষয়ক বিভাগ :** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২০২২ চক্রের ভিডব্লিউবি কার্যক্রম ডিসেম্বর ২০২২ এ সমাপ্ত হবে। ইতিমধ্যে ২০২৩-২০২৪ চক্রের চূড়ান্ত তালিকা করা হয়েছে। বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে আগামী জানুয়ারি ২০২৩ হতে খাদ্যশস্য বিতরণ করা শুরু হবে। তাছাড়া বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।

১৪। **জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ :** জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগের নব যোগদানকৃত সহকারী প্রকৌশলী জনাব কাজী রিয়েল সভায় নিজের পরিচিতি উপস্থাপন করেন এবং দায়িত্ব পালনে সকলের সহযোগিতা কামনা করেন।

১৫। **পল্লী উন্নয়ন বিভাগ :** উপজেলা পল্লী উন্নয়ন অফিসার সভায় জানান যে, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি জানান ২৯ ডিসেম্বর তাহার শেষ কর্ম দিবস এবং এটা শেষ মাসিক সভা। তিনি সকলের কাছে দোয়া প্রার্থনা করেন।

১৬। **যুব উন্নয়ন বিভাগ :** আলোচনাযোগ্য কোন বিষয় সভায় উত্থাপিত হয়নি।

১৭। **বিবিধ : (ক) জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত :** উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, মন্ত্রী পরিষদ বিভাগের সিভিল রেজিস্ট্রেশন অধিশাখার ৫ জানুয়ারি ২০২১ তারিখের ০০৬ নম্বর স্মারকে বাংলাদেশ সিভিল রেজিষ্ট্রেশন এন্ড ভাইটাল স্ট্যাটিস্টিক্স (সিআরভিএস) এর অন্যতম উপাদান জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত লক্ষ্যমাত্রা অর্জনে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ অনুসারে জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করার জন্য নির্দেশনা রয়েছে। এ বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য ইউপি চেয়ারম্যানগণের দৃষ্টি আকর্ষণ করা হয়।

সিদ্ধান্ত: বাংলাদেশ সিভিল রেজিষ্ট্রেশন এন্ড ভাইটাল স্ট্যাটিস্টিক্স (সিআরভিএস) এর অন্যতম উপাদান জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত লক্ষ্যমাত্রা অর্জনে জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন, ২০০৪ অনুসারে জন্ম ও মৃত্যুর ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করার জন্য ইউপি

চেয়ারম্যানগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করত: নিয়মিত মাসিক প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসার বরাবর প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে: ইউপি চেয়ারম্যান (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

**(খ) উপজেলা পরিষদের অভ্যন্তরের শহিদ মিনারে যাতায়াতের রাস্তা পাকা করণ সংক্রান্ত :** দাউপদপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানসহ উপস্থিত অন্যান্য ইউপি চেয়ারম্যানগণ উপজেলা পরিষদের অভ্যন্তরের শহিদ মিনারে যাতায়াতের রাস্তাটি জরুরী ভিত্তিতে পাকা করণের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। এ ব্যাপারে উপস্থিত মাননীয় সংসদ সদস্য ও উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয় একমত পোষণ করেন।

সিদ্ধান্ত: উপজেলা পরিষদের অভ্যন্তরের শহিদ মিনারে যাতায়াতের রাস্তাটি জরুরী ভিত্তিতে পাকা করণের লক্ষ্যে জরুরী ভিত্তিতে প্রয়োজনীয় প্রাক্কলন প্রস্তুত পূর্বক পরবর্তী পরিষদ সভায় উপস্থাপনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।

বাস্তবায়নে: উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা, সিলেট।

**উপদেষ্টা মহোদয়ের বক্তব্য :** জনাব হাবিবুর রহমান , মাননীয় সংসদ সদস্য-২৩১, সিলেট-৩ বক্তব্যের শুরুতে উপস্থিত সকলকে সালাম, আদাব ও শুভেচ্ছা জানান। তিনি প্রত্যেক উচ্চ বিদ্যালয়ে নবীনবরণ অনুষ্ঠান আয়োজন করার জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন। কমপক্ষে ৮/১০ টি পরিবার উপকৃত না হলে গভীর নলকূপ বরাদ্দ প্রদান না করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেন এবং এ বিষয়ে যথাযথ মনিটরিং করার জন্য ট্যাগ অফিসারগণকে নির্দেশনা প্রদান করেন। তিনি উপজেলার প্রশাসনিক ভবন ও আবাসিক ভবনগুলোতে পানির সমস্যার সমাধান করার এবং অফিসার্স ক্লাবে বরাদ্দ প্রদান করা হবে মর্মে আশ্বাস প্রদান করেন।

**সভাপতি মহোদয়ের সমাপনী বক্তব্য :** জনাব মোহাম্মদ আবু জাহিদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট অদ্যকার সভায় উপস্থিত থাকার জন্য মাননীয় সংসদ সদস্য, উপজেলা নির্বাহী অফিসার, ভাইস চেয়ারম্যান, ইউ/পি চেয়ারম্যানগণ, সদস্যবৃন্দ এবং সকল বিভাগীয় কর্মকর্তাদের ধন্যবাদ জ্ঞাপন করেন। পর্যায়ক্রমে প্রত্যেক দপ্তরের গত মাসের কার্যক্রম ও অগ্রগতি সম্পর্কে খোঁজ-খবর নেন। তিনি সরকারের চলমান উন্নয়নের ধারা অব্যাহত রাখতে সকলকে মিলেমিশে কাজ করার জন্য বলেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে এবং জয় বাংলা বলে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(স্বাক্ষর) ২০/১২/২০২২

মোহাম্মদ আবু জাহিদ
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
দক্ষিণ সুরমা, সিলেট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
দক্ষিণ সুরমা, সিলেট।

স্মারক নং-০৫.৪৬.৯১৩১.০০০.৪০.০১২.২২. ১১৮৬ (৫০) তারিখঃ ২০ ডিসেম্বর, ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। মাননীয় সংসদ সদস্য, ২৩১, সিলেট-৩।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
৫। জেলা প্রশাসক, সিলেট।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
৭। নির্বাহী প্রকৌশলী ..............................................................................................সিলেট।
৮। উপ-পরিচালক ..................................................................................................সিলেট।
৯। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
১০। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট।
১১। উপজেলা .......................................................................কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট।
১২। সহকারী প্রোগ্রামার, দক্ষিণ সুরমা, সিলেট (পরিষদের মাসিক সভার কার্যবিবরণী ওয়েব পোর্টালে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)
১৩। চেয়ারম্যান ...........................................................ইউ/পি (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।
১৪। জনাব/বেগম.................................. সদস্য...........................ইউ/পি (সকল), দক্ষিণ সুরমা, সিলেট।

২০/১২/২২
নুসরাত লায়লা নীরা
উপজেলা নির্বাহী অফিসার
দক্ষিণ সুরমা, সিলেট।
ফোন: ০২৯৯৬৬৪৬৯১৩

<u>পরিশিষ্ট ক সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের তালিকা:স্বাক্ষরের ক্রমানুসারে:</u>

| উপস্থিত জনপ্রতিনিধিঃ | অনুপস্থিত জনপ্রতিনিধিঃ |
|---|---|
| ১। মাননীয় সংসদ সদস্য, ২৩১, সিলেট-৩।<br>২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৪। চেয়ারম্যান, ০১নং মোল্লারগাঁও ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৫। চেয়ারম্যান, ৩নং তেতলী ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৬। চেয়ারম্যান, ৫নং সিলাম ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৭। চেয়ারম্যান, ৭নং জালালপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৮। চেয়ারম্যানের প্রতিনিধি, ৮নং মোগলাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>৯। চেয়ারম্যান, ৯নং দাউদপুর ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>১০। চেয়ারম্যান, ১০ নং কামালবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট | ১। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। চেয়ারম্যান, ৬নং লালাবাজার ইউনিয়ন পরিষদ, দক্ষিণ সুরমা, সিলেট |
| উপস্থিত কর্মকর্তাঃ | অনুপস্থিত কর্মকর্তাঃ |
| ১। উপজেলা নির্বাহী অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>৩। উপজেলা কৃষি অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>৪। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>৫। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>৬। উপজেলা মৎস্য কর্মকর্তার প্রতিনিধি, দক্ষিণ সুরমা, সিলেট<br>৭। উপজেলা প্রকৌশলী, দক্ষিণ সুরমা,সিলেট<br>৮। উপজেলা শিক্ষা অফিসার, দক্ষিণ সুরমা,সিলেট<br>৯। উপজেলা সমাজসেবা অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>১০। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা ,সিলেট<br>১১। উপজেলা সমবায় অফিসার, দক্ষিণ সুরমা, সিলেট<br>১২। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১৩। সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), দক্ষিণ সুরমা, সিলেট<br>১৪। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১৫। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট<br>১৬। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, দক্ষিণ সুরমা, সিলেট | |